দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 10 OCT 2015 ...
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ১ ...

# ভিসির দুর্নীতি তদন্তে ইবিতে ইউজিসি তদন্ত দল

ইবি সংবাদদাতা ॥ কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিম সরকারের বিরুদ্ধে উত্থাপিত দুর্নীতি তদন্ত করতে আজ আসছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের তদন্ত দল। জানা যায়, গত ১০ আগস্ট বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক ড. দিল আফরোজা বেগমের কাছে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আফজাল হোসেন লিখিত আকারে অভিযোগ এবং দুর্নীতি ও অর্থ লোপাটের একটি প্রামাণ্য দলিল জমা দিয়েছে। এই পরিপ্রেক্ষিতে ২২ সেপ্টেম্বর ইবি উপাচার্যের বিরুদ্ধে একটি তদন্ত কমিটি গঠিত হয়। এদিকে উপাচার্যকে বেকাদায় ফেলতে ব্যাপক তৎপরতা শুরু করেছে প্রশাসনের অপর একটি অংশ। তারা প্রতিনিয়ত কিভাবে উপাচার্যকে বেকাদায় ফেলা যায় সেই ফাঁদ পাতছে বলে অভিযোগ করেছে প্রগতিশীল শিক্ষকরা।